

সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন অনুমোদিত
সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
কোটবাড়ি, কুমিল্লা

নথি নং- ৭২৬৩.০৫.০০১-২০২০/১৮৯

তারিখ- ১৫.১১.২০২০খ্রি.

July-December 2020 সেশনের বিভিন্ন সেমিস্টারের
সেমিস্টার ফাইনাল পরীক্ষার বিজ্ঞপ্তি

সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৪ বছর মেয়াদী বিএসসি-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং, কমপিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই), ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই), বিবিএ, এলএলবি, ইংরেজি, ম্যাথমেটিক্স (ডুয়েল ও ট্রাইমিস্টার), ২/১ বছর মেয়াদী মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ) প্রোগ্রামসমূহের July-December 2020 সেশনের বিভিন্ন সেমিস্টারের সেমিস্টার ফাইনাল পরীক্ষা আগামী ২০ ডিসেম্বর ২০২০খ্রি. তারিখ থেকে এই বিশ্ববিদ্যালয় কেন্দ্রে অথবা অনলাইনে বিশ্ববিদ্যালয়ের IMS এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি ও প্রয়োজনীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও www.admissionccnust.org অথবা www.ccnust.edu.bd ওয়েব সাইট থেকে জানা যাবে।

স্বা/-

(অধ্যাপক ড. একেএম আছাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন অনুমোদিত সিলেবাস ও কারিকুলামে বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের মানবন্টন অনুযায়ী সেমিস্টার ফাইনাল পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার্থীদের ফরম ফিলাপ ও পরীক্ষায় অংশগ্রহণের নিয়মাবলি নিম্নরূপ-

১। ফরম পূরণের নিয়মাবলিঃ

- ১.১ পরীক্ষায় অংশগ্রহণের জন্য বর্ণিত ওয়েব সাইটে (www.admissionccnust.org) প্রদত্ত ফরমটি পূরণ করতে হবে।
- ১.২ ফরমে চলমান সেমিস্টারের সকল বিষয়ের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

২। ফি'র বিবরণঃ

- ২.১ চলমান সেমিস্টারের পরীক্ষাসমূহে অংশগ্রহণের ক্ষেত্রে কোনো প্রকার ফি পরিশোধ করতে হবে না। তবে চলতি সেমিস্টার পর্যন্ত সকল ধরনের টিউশন ফি পরিশোধিত থাকতে হবে।
- ২.২ নির্ধারিত তারিখের মধ্যে ফরম পূরণ করতে ব্যর্থ হলে ৩.২৯৯ অনুচ্ছেদে বর্ণিত তারিখের মধ্যে ৫০০/- (পাঁচশত) টাকা বিলম্ব ফি সহ ফরম পূরণ করতে হবে। উক্ত তারিখের পর চলমান সেমিস্টারের ফরম পূরণ বা সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণের কোনো সুযোগ থাকবে না।

৩। ফরম পূরণ সংক্রান্ত তথ্যঃ

- ৩.১ অনলাইনে ফরম পূরণের শেষ তারিখ : ১২ ডিসেম্বর ২০২০খ্রি. শনিবার
- ৩.২ বিলম্ব ফি সহ ফরম পূরণের শেষ তারিখ : ১৫ ডিসেম্বর ২০২০খ্রি. মঙ্গলবার
- ৩.৩ সেমিস্টার ফাইনাল পরীক্ষা শুরু তারিখ : ২০ ডিসেম্বর ২০২০খ্রি. রবিবার

নির্ধারিত তারিখের মধ্যে ফরম পূরণে ব্যর্থ হলে চলমান পর্বের পর্বসমাপনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।

৪। পরীক্ষায় অংশগ্রহণের নিয়মঃ

শিক্ষা প্রতিষ্ঠান খোলার সরকারি ঘোষণা পাওয়া গেলে ক্যাম্পাস ভিত্তিক কার্যক্রমের অংশ হিসেবে সেমিস্টার ফাইনাল পরীক্ষাও ক্যাম্পাসে গ্রহণ করা হবে। মহামারীর কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের ঘোষণা যদি দীর্ঘায়িত হয়, তাহলে বিগত সেমিস্টারের ন্যায় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব IMS এর মাধ্যমে পরীক্ষা গ্রহণ করা হবে।

www.admissionccnust.org অথবা www.ccnuniversity.com ওয়েব সাইটের মাধ্যমে IMS এ প্রবেশ করে প্রশ্নপত্র ডাউনলোড, উত্তরপত্র আপলোড ইত্যাদি কাজগুলো অনুশীলন করার পরামর্শ দেয়া যাচ্ছে।

৫। IMS এ উত্তরপত্র আপলোডের সময়সীমাঃ

পরীক্ষা শেষ হওয়ার ৩০ (ত্রিশ) মিনিটের মধ্যে স্ব স্ব উত্তরপত্র IMS এ আপলোড করতে হবে। উক্ত সময়ের পর IMS এর আপলোড কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

(অধ্যাপক ড. একেএম আছাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক